গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২-৮৬০

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ / ৩০ আগস্ট ২০২৩

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে, এ বছর 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ৫ সেপ্টেম্বরের পরিবর্তে ১৪ সেপ্টেম্বর উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সকল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রগণ, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণ, জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ, উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ, পৌর সভার মেয়রগণ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে ১৪ সেপ্টেম্বর ঢাকায় অনুষ্ঠেয় কেন্দ্রীয় কর্মসূচিতে উপস্থিত থাকার বিষয়ে প্রাথমিকভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। স্থানীয় পর্যায়ের কর্মসূচিতে জনপ্রতিনিধিগণের উপস্থিত থাকা আবশ্যক। তদ্‌প্রেক্ষিতে স্থানীয় পর্যায়ের কর্মসূচি, কেন্দ্রীয় কর্মসূচি সম্পন্ন করে জনপ্রতিনিধিগণের নিজ নিজ কর্মস্থলে প্রত্যাবর্তনের পর এ দিবসের কর্মসূচি বাস্তবাবায়ন করা হলে তা অধিকতর ফলপ্রসু হবে। এছাড়া, প্রতিটি উপজেলা এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (সকল), ওয়াসা (সকল) এর স্ব স্ব সদর দপ্তরে 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা' অনুষ্ঠানেরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা প্রয়োজন। জাতীয় কর্মসূচিতে জনপ্রতিনিধিগণ অংশগ্রহণ করলে স্থানীয় পর্যায়ের কর্মসূচি একইদিনে বাস্তবায়নে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা থাকছে না। সেক্ষেত্রে জনপ্রতিনিধিগণের কেন্দ্রীয় কর্মসূচি সম্পন্ন করে কর্মস্থলে প্রত্যাবর্তনের পর একই সময়ে স্থানীয় পর্যায়ে দেশব্যাপী কর্মসূচি গৃহীত হওয়া প্রয়োজন।

৩। এমতাবস্থায়, সুষ্ঠুভাবে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১) ১৪ সেপ্টেম্বর মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের পর উপজেলা পর্যায়ে ১৭-১৯ সেপ্টেম্বর ৩ (তিন) দিন ব্যাপী 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা' আয়োজন করতে হবে;

(২) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), ওয়াসা (সকল) স্ব স্ব সদর দপ্তরে 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা' আয়োজনসহ নিজ নিজ কর্মসূচি বাস্তবায়ন করবে;

(৩) সেপ্টেম্বর ১৭-১৯ এই ৩ (তিন) দিন প্রদর্শনী, র‍্যালী, আলোচনা অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করতে হবে;

(৪) সিটি কর্পোরেশনসমূহ উক্ত সময়ের মধ্যে 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলাসহ' নিজস্ব কর্মসূচি গ্রহণ করবে;

(৫) ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে সমাবেশ এবং আলোচনা অনুষ্ঠান উক্ত তারিখের মধ্যে সুবিধাজনক সময় করতে হবে।

৩০.০৮.২৩

(জেসমীন প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email :lgup1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল)।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম মৃত্যু নিবন্ধন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন (সকল)।
২। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৮। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৯। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
১১। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার।
১২। অফিস কপি।